

## এনসিসি ব্যাংক লিমিটেড

### এনসিসি ব্যাংক কার্ড চেক সার্ভিসের সাধারণ নিয়মাবলী

- ১। এনসিসি ব্যাংক লিমিটেড এর কার্ড চেক গ্রহণের জন্য বেসিক ক্রেডিট কার্ড হোল্ডারগন ডুয়েল কার্ড এর লোকাল লিমিট এর বিপরীতে আবেদন করতে পারবেন।
- ২। কার্ড হোল্ডার এর আবেদনটি কার্ড ডিভিশন কর্তৃক প্রণীত নির্দিষ্ট ফরম এ হতে হবে। আবেদন পত্রটি এনসিসি ব্যাংক লিমিটেড কার্ড ডিভিশন অথবা ওয়েবসাইট থেকে সংগ্রহ করে ইমেইল এর মাধ্যমে জমা প্রদান করা যাবে।
- ৩। কার্ড ডিভিশন আবেদন পত্রটি গ্রহণ করার ৪/৫ কার্য দিবসের মধ্যে চেকবইটি কার্ড হোল্ডার এর যোগাযোগের ঠিকানায় কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করবে।
- ৪। চেক বইয়ের সাথে একটি চিঠি সংযুক্ত করা হবে, যার নিচের অংশে Acknowledgement Slip এ স্বাক্ষর করে এনসিসি ব্যাংক লিমিটেড এর কার্ড ডিভিশন এ পাঠাতে হবে। কার্ড হোল্ডার এর স্বাক্ষর নিরীক্ষা সাপেক্ষে চেক বই সক্রিয় করা হবে।
- ৫। প্রতিটি চেক Account Payee এবং এই কার্ড চেকের মাধ্যমে ব্যাংক এর শাখা সমূহ হতে নগদ টাকা উত্তোলন করা যাবে।
- ৬। প্রতিটি চেক বই এ ১০টি পাতা থাকবে। প্রথম বইটি বিনা মূল্যে ইস্যু করা হবে। পরবর্তী চেকবই ইস্যু ফি বাবদ ২০০+ভ্যাট টাকা কার্ড হোল্ডার এর কার্ড Account হতে কর্তন করা হবে।
- ৭। চেক ট্রান্সজেকশন এর ক্ষেত্রে কার্ড এর Status Active ও Valid হতে হবে। Blocked/Restricted/Expired কার্ডে চেক ট্রান্সজেকশন করা যাবে।
- ৮। প্রতিটি চেক ট্রান্সজেকশন এর জন্য চেকে বর্ণিত অর্থের পরিমানের ১.০০% হারে Processing Fee বাবদ কার্ড Account থেকে কর্তন করা হবে। ভবিষ্যতে ট্রান্সজেকশন Processing Fee বর্ধিত বাহাস করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।
- ৯। এনসিসি ব্যাংক ব্যতীত অন্য যে কোন ব্যাংকে জমাকৃত চেক বর্তমানে প্রচলিত Clearing প্রক্রিয়ায় Collection করা যাবে। Cheque Dishonor Due to Insufficient Fund Fee বাবদ কার্ড Account থেকে ৫০০ টাকা + ভ্যাট কর্তন করা হবে।
- ১০। চেকের মাধ্যমে কার্ড লিমিটের সর্বোচ্চ ৯০% পর্যন্ত উত্তোলন করা যাবে। এ ক্ষেত্রে কার্ড হোল্ডার সর্বোচ্চ ৪৫ এবং সর্বনিম্ন ১৫ দিন সুদ বিহীন সুবিধা গ্রহণ করতে পারবেন।
- ১১। কার্ড চেক অথবা কার্ড সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য এনসিসি ব্যাংক এর কার্ড ডিভিশন অথবা কল সেন্টার ১৬৩১৫ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।